ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৯৩৮

বিলোনীয়া, ২৫ জুলাই, ২০২৫

**ভারতচন্দ্র নগর ব্লক এলাকায় নানা সংস্কারমূলক কাজ হয়েছে**

গত অর্থবছরে ভারতচন্দ্র নগর ব্লক এলাকায় দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের পঞ্চায়েত উন্নয়ন তহবিল এবং পঞ্চদশ অর্থকমিশনের আন টাইড ফান্ডের অর্থে বিভিন্ন সংস্কারমূলক কাজ করা হয়েছে। পঞ্চায়েত উন্নয়ন তহবিলের অর্থে পূর্ব কলাবাড়িয়া কমিউনিটি হলের সংস্কার করা হয়েছে। তাতে ব্যয় হয়েছে ৩ লক্ষ ৫ হাজার ৩৮৭ টাকা। ভারত চন্দ্রনগর ব্লক হেড কোয়ার্টারে পঞ্চদশ অর্থ কমিশনের অনটাইড ফান্ডের অর্থে সাইকেল স্ট্যান্ডের মেরামত ও সম্প্রসারণ করা হয়েছে। এ প্রকল্পে ব্যয় হয়েছে ১ লক্ষ ৮২ হাজার ২৫৭ টাকা। দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদ কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****